

ফের মাটির দেওয়াল ধসে আহত ৩ শিশু

স্বপ্নীল মজুমদার, ঝাড়গ্রাম, ৮ আগস্টঃ টানা বৃষ্টিতে ফের মাটির দেওয়াল ধসে গুরুতর আহত হল তিন শিশু। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রামের নয়াগ্রাম ব্লকের দেউলবাড় গ্রামে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, একটি পরিত্যক্ত বাড়ির পাশে খেলার সময় আচমকাই মাটির দেওয়াল ভেঙে পড়ে। তার নীচে চাপা পড়ে আহত হয় তিন শিশু। আহতদের নাম অনিমেষ নায়েক (৮), সোমাদ্রিতা নায়েক (৬) এবং অমিত নায়েক (৬)। স্থানীয় বাসিন্দাদের তৎপরতায় দ্রুত মাটি সরিয়ে তিন জনকেই উদ্ধার করা হয়। গুরুতর অবস্থায় তাদের নয়াগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পরে অনিমেষ ও সোমাদ্রিতাকে ছেড়ে দেওয়া হলেও অমিতের আঘাত গুরুতর হওয়ায় সে এখনও হাসপাতালে চিকিৎসাধীন। স্থানীয় সূত্রের খবর, অজিত পাত্র নামে এক ব্যক্তির বাড়ির মাটির দেওয়ালটি দীর্ঘদিন ধরেই ভাঙাচোরা অবস্থায় ছিল। বাড়িটি পরিত্যক্ত হওয়ায় সেখানে কেউ থাকতেন না। শনিবার বৃষ্টির মধ্যে আচমকাই বাড়িটির একটি দেওয়াল ধসে পড়ে। সেই সময় বাড়িটির পাশে খেলছিল দুই পরিবারের তিন শিশু। মুহূর্তের মধ্যে তারা ধসে পড়া মাটির নীচে চাপা পড়ে যায়। ঘটনার খবর পেয়ে নয়াগ্রামের বিডিও শান্তনু সরকার প্রথমে হাসপাতালে যান। আহত শিশুদের চিকিৎসার বিষয়ে খোঁজখবর নেওয়ার পর তিনি ঘটনাস্থলে পৌঁছে ক্ষতিগ্রস্ত বাড়িটি পরিদর্শন করেন। গ্রামবাসীদের সঙ্গেও কথা বলেন তিনি। বর্ষার সময়ে দুর্বল মাটির বাড়ি ও দেওয়াল থেকে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে কি না, তা নিয়েও খোঁজ নেন বিডিও। বিপজ্জনক অবস্থায় থাকা বাড়িগুলির বিষয়ে স্থানীয় বাসিন্দাদের সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে। ঘটনার পর এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। বর্ষার সময়ে ভাঙাচোরা মাটির বাড়ি কিংবা দুর্বল দেওয়ালের কাছাকাছি শিশুদের না যেতে দেওয়ার জন্য স্থানীয়দের সতর্ক করা হয়েছে। উল্লেখ্য, গত রবিবারই নয়াগ্রাম ব্লকের বড়শোল গ্রামে মাটির দেওয়াল চাপা পড়ে এক বৃদ্ধার মৃত্যু হয়েছিল। তার এক সপ্তাহের মধ্যেই ফের মাটির দেওয়াল ধসে তিন শিশু আহত হওয়ায় বর্ষায় মাটির বাড়ির নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে।

মিনাপুর নিম্ন বুনিয়াদি প্রাথমিক বিদ্যালয়ে রবীন্দ্রনাথের প্রয়াণ দিবস পালন

প্রসেনজিৎ দেবনাথ, পূর্বস্থলী, ৮ আগস্টঃ পূর্বস্থলী-১ ব্লকের দোগাছিয়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মিনাপুর নিম্ন বুনিয়াদি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পালিত হল বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস। কালনা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে কবিগুরুর জীবন, সাহিত্য ও তাঁর অমর সৃষ্টিকে স্মরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার বিধায়ক গোপাল চট্টোপাধ্যায়, তথ্য ও সংস্কৃতি আধিকারিক দেবাশীষ পোড়ে, পূর্বস্থলী-১ ব্লকের বিডিও অনন্যা বিশ্বাস, বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রসেনজিৎ সরকার-সহ বিশিষ্ট ব্যক্তিরা। এছাড়াও বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, পড়ুয়া এবং স্থানীয় বাসিন্দাদের উপস্থিতিতে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে। এদিন বিদ্যালয় প্রাঙ্গণে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের একটি মূর্তি উন্মোচন করা হয়। মূর্তি উন্মোচনের মধ্য দিয়ে রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন উপস্থিত অতিথিরা। তাঁর সাহিত্যকর্ম, মানবতাবাদী চিন্তাধারা এবং শিক্ষাদর্শ আজও কীভাবে সমাজকে পথ দেখায়, অনুষ্ঠানে সেই বিষয়গুলিও তুলে ধরা হয়। মূর্তি উন্মোচনের পাশাপাশি কবিগুরুকে স্মরণ করে বিদ্যালয় প্রাঙ্গণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পড়ুয়া ও স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে রবীন্দ্রসংগীত, আবৃত্তি, নৃত্য ও বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। কবিগুরুর গান ও কবিতার মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন শিল্পী ও ছাত্রছাত্রীরা। অনুষ্ঠানে বক্তারা বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর শুধু বাংলা সাহিত্যকেই সমৃদ্ধ করেননি, তাঁর চিন্তা ও দর্শন সমগ্র মানবসমাজকে আলোকিত করেছে। নতুন প্রজন্মের কাছে তাঁর সাহিত্য ও আদর্শকে পৌঁছে দেওয়া অত্যন্ত জরুরি। বিদ্যালয় প্রাঙ্গণে তাঁর মূর্তি স্থাপনের ফলে ছাত্রছাত্রীরা প্রতিনিয়ত কবিগুরুর জীবন ও আদর্শ সম্পর্কে অনুপ্রাণিত হওয়ার সুযোগ পাবে। সার্বিকভাবে, রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষে মিনাপুর নিম্ন বুনিয়াদি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠান শ্রদ্ধা, স্মরণ এবং সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে বিশেষ তাৎপর্য বহন করে।

আমলাশোলে খাটিয়ায় বসে গ্রামবাসীর অভাব-অভিযোগ শুনলেন পুলিশ সুপার

নিজস্ব প্রতিনিধি, ঝাড়গ্রাম, ৮ আগস্টঃ জঙ্গলমহলের প্রত্যন্ত গ্রামের মানুষের সমস্যা ও চাহিদার কথা সরাসরি শুনতে এবং পুলিশ-জনসাধারণের দূরত্ব কমাতে বিশেষ উদ্যোগ নিল ঝাড়গ্রাম জেলা পুলিশ। ‘সহায়’ কর্মসূচির আওতায় শুক্রবার রাতে বেলপাহাড়ি থানার আমলাশোল ও আমঝরনা এলাকায় আয়োজিত হল বিশেষ জনসংযোগ কর্মসূচি। পুলিশ সূত্রের খবর, একসময়ের উপদ্রুত এবং অত্যন্ত দুর্গম বলে পরিচিত আমলাশোলের বাসিন্দাদের সঙ্গে সুসম্পর্ক গড়ে তোলা এবং তাঁদের কাছে প্রশাসনিক পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যেই এই উদ্যোগ। গ্রামের উঠোনে খাটিয়ায় বসে বেলপাহাড়ি থানা ও বাঁশপাহাড়ি ফাঁড়ির উদ্যোগে আয়োজিত ওই কর্মসূচিতে উপস্থিত ছিলেন ঝাড়গ্রামের জেলা পুলিশ সুপার মানব সিংলা, অতিরিক্ত পুলিশ সুপার (অপারেশন) ফয়সল রাজা, বেলপাহাড়ির এসডিপিও অয়ন সাধু এবং বেলপাহাড়ি থানার আইসি স্বরূপ মুখোপাধ্যায়-সহ পুলিশ আধিকারিকেরা। দীর্ঘক্ষণ ধরে গ্রামবাসীদের অভাব-অভিযোগ ও এলাকার নানা সমস্যার কথা শোনেন তাঁরা। পাশাপাশি, এলাকার পড়ুয়াদের শিক্ষার সুযোগ বাড়াতে আমঝরনা এলাকায় ‘দিশা’ কোচিং সেন্টারের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার। প্রত্যন্ত এলাকার ছাত্রছাত্রীদের পড়াশোনায় উৎসাহিত করতে সিভিক ভলান্টিয়ারদের মাধ্যমে সেখানে বিশেষ পাঠদানের ব্যবস্থা করা হবে বলে পুলিশ জানিয়েছে। জনসংযোগ কর্মসূচিতে পুলিশের পক্ষ থেকে গ্রামবাসীদের হাতে শাড়ি, স্থানীয় ক্লাবগুলির হাতে ফুটবল এবং শিশুদের খাতা ও চকলেট তুলে দেওয়া হয়। অনুষ্ঠান শেষে জেলা পুলিশ সুপার মানব সিংলা বলেন, “ঝাড়গ্রাম জেলার অন্যতম প্রত্যন্ত এই গ্রামের মানুষের সমস্যা ও চাহিদার কথা শুনতেই আমরা আজ এখানে এসেছি। আমঝরনায় শুরু হওয়া ‘দিশা’ কোচিং সেন্টারের মাধ্যমে স্থানীয় শিশুদের পড়াশোনায় সাহায্য করবেন আমাদের সিভিক ভলান্টিয়াররা। এই ধরনের উদ্যোগের ফলে পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে বিশ্বাস ও যোগাযোগের সম্পর্ক আরও সুদৃঢ় হবে।”

হাবভাব দেখেই বুঝে গিয়েছিলেন, গরুপাচার থামালেন বিধায়ক

নিজস্ব প্রতিনিধি, কুশমন্ডি, ৮ আগস্টঃ ফের গোরু পাচার রুখল কুশমন্ডির বিধায়ক তাপস চন্দ্র রায়। শনিবার দুপুরে কুশমন্ডির উত্তর করঞ্জি হাটখোলা বিজেপি বিধায়ক তাপস চন্দ্র রায়ের তৎপরতায় চারটি গোরুবোঝাই একটি মোটর ভ্যান আটক করে পুলিশ। ঘটনায় দু’জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের নাম মুজাফফর রহমান (৪১) ও মিজানুর আলম (৩৪)। তাঁদের বাড়ি কুশমন্ডির ঢোলকুড়ি ও শিবকৃষ্ণপুর এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, উত্তর দিনাজপুরের ডালিমগাঁও থেকে চারটি গোরু নিয়ে দক্ষিণ দিনাজপুরের দিকে যাচ্ছিল গাড়িটি। উত্তর করঞ্জি হাটখোলা এলাকায় গাড়িটির গতিবিধি সন্দেহজনক মনে হচ্ছিল। সেই সময় বিধায়ক সেটিকে দাঁড় করান। এরপর

তিনি কুশমণ্ডি থানায় খবর দেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গাড়ি সহ দুজনকে আটক করে এবং চারটি গোরু উদ্ধার করে। গোরুগুলি কোথায় নিয়ে যাওয়া হচ্ছিল এবং এর পিছনে কোনও পাচারচক্র রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। ঘটনায় আরও কেউ জড়িত কি না, তাও তদন্ত করে দেখছে পুলিশ। তাপস চন্দ্র রায় বলেন, “চার তারিখ দুর্ঘটনায় একটা বাচ্চা মারা যায়। আমরা তাদের সঙ্গেই দেখা করতে যাচ্ছিলাম। সেই সময় গরুবোঝাই একটি পিকআপ ভ্যান দেখতে পাই। গরু কোথায় যাচ্ছে জিজ্ঞাসা করি মালিককে। কিন্তু উনি ঠিকঠাক কোনও উত্তর দিতে পারেননি। পরবর্তীকালে আমরা জানতে পারি উনি দীর্ঘদিন ধরে গরুর ব্যবসা করেন। সব বৈধ থাকলে কেন বেআইনি রাস্তা দিয়ে গরু বোঝাই গাড়ি যাচ্ছিল?”

রবীন্দ্রনাথের সঙ্গীতশিক্ষার শুরুর সঙ্গে জড়িয়ে নদিয়ার বিষ্ণু চক্রবর্তী

বিস্মৃত সঙ্গীতগুরুর স্মৃতি আগলে আনুলিয়া

নিজস্ব প্রতিনিধি, আনুলিয়া, ৮ আগস্টঃ বাইশে শ্রাবণ রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস। বিশ্বকবিকে স্মরণের এই দিনেই সামনে আসে তাঁর শৈশবের সঙ্গীতশিক্ষার সঙ্গে জড়িয়ে থাকা নদিয়ার এক বিস্মৃত

সঙ্গীতগুরুর নাম-বিষ্ণু চক্রবর্তী। নদিয়ার আনুলিয়া, তৎকালীন অনলগ্রামের এই সন্তান ছিলেন ধ্রুপদ ও খেয়াল সঙ্গীতের বিশিষ্ট আচার্য। সময়ের সঙ্গে তাঁর নাম অনেকটাই প্রচারের আড়ালে চলে গেলেও গ্রামে এখনও তাঁর স্মৃতি ধরে রেখেছেন স্থানীয় বাসিন্দারা। জোড়াসাঁকোর ঠাকুরবাড়ির সঙ্গীতচর্চার সঙ্গে দীর্ঘদিন যুক্ত ছিলেন বিষ্ণু চক্রবর্তী। ঠাকুর পরিবারের সদস্যদের সঙ্গীতশিক্ষার পাশাপাশি বালক রবীন্দ্রনাথেরও প্রাথমিক সঙ্গীতশিক্ষার সঙ্গে তাঁর প্রত্যক্ষ সম্পর্ক ছিল। রবীন্দ্রনাথের স্মৃতিচারণমূলক লেখাতেও শৈশবে বিষ্ণু চক্রবর্তীর কাছে গান শেখার উল্লেখ পাওয়া যায়। সহজ সুর ও পল্লিগানের পাশাপাশি শাস্ত্রীয় সঙ্গীতের প্রাথমিক শিক্ষাতেও তাঁর ভূমিকা ছিল। শুধু ঠাকুরবাড়ি নয়, আদি ব্রাহ্মসমাজের সঙ্গীতচর্চাতেও বিষ্ণু চক্রবর্তীর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। ব্রহ্মসঙ্গীতের সঙ্গে ধ্রুপদী সঙ্গীতের সংযোগ ও তার পরিবেশনধারাকে সমৃদ্ধ করার ক্ষেত্রে তিনি অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব হিসেবে পরিচিত। ধ্রুপদের পাশাপাশি খেয়াল সঙ্গীতেও তাঁর দক্ষতা ছিল। উনিশ শতকের বাংলার সঙ্গীতচর্চার ইতিহাসে তাঁর উপস্থিতি সেই কারণেই বিশেষ তাৎপর্যপূর্ণ। কিন্তু সময়ের সঙ্গে এই সঙ্গীতাচার্যের নাম সাধারণ মানুষের কাছে অনেকটাই অচেনা হয়ে পড়েছে। আনুলিয়া কেদারনাথ স্মৃতি পাঠাগার এবং স্থানীয় গ্রামবাসীদের উদ্যোগে তাঁর ছবি, কাঠের মূর্তি ও স্মৃতিফলক সংরক্ষণ করা হয়েছে। প্রতি বছর ২৫ বৈশাখ এবং ২২ শ্রাবণে পাঠাগার চত্বরে তাঁকে স্মরণ করে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রবীন্দ্র গবেষক ডঃ শুভদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, “সরকার সহ সকলেরই এটা নিয়ে আরও এগিয়ে আসা দরকার। শুধু মূর্তি বসালে বা এভাবে করলে হবে না। আরও বেশি প্রচারের মধ্যে আনতে হবে। না হলে আমরাতো ইতিহাসটাই জানতে পারব না।” স্থানীয়দের বক্তব্য, রবীন্দ্রনাথের মতো বিশ্ববরেণ্য ব্যক্তিত্বের সঙ্গীতজীবনের গোড়ার সঙ্গে যে মানুষটির যোগ ছিল, তাঁর নিজের জন্মস্থানই যদি তাঁর স্মৃতিকে ধরে রাখে, তাহলে সেই ইতিহাস বৃহত্তর মানুষের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্বও নেওয়া প্রয়োজন। সরকারি উদ্যোগে তাঁর জীবন ও সঙ্গীতচর্চা নিয়ে গবেষণা, তথ্য সংরক্ষণ এবং স্থায়ী স্মারক গড়ে তোলার দাবি উঠছে। আনুলিয়ার বাসিন্দাদের আশা, রবীন্দ্রনাথকে ঘিরে থাকা এই গুরুত্বপূর্ণ অথচ বিস্মৃত অধ্যায় এবার বৃহত্তর পরিসরে পরিচিতি পাবে।

কোলাঘাট ব্লকের জলবন্দী এলাকার জলনিকাশী সমস্যা সমাধানে বিডিও অফিস অভিযানের ডাক

নিজস্ব প্রতিনিধি, কোলাঘাট, ৮ আগস্টঃ শুধুমাত্র জলনিকাশীর সুষ্ঠু ব্যবস্থা না থাকায় রূপনারায়ন থেকে মাত্র আটদশ কিলোমিটার দূরে কোলাঘাট ব্লকের বৃন্দাবনচক-সিদ্ধা এক ও সিদ্ধা দুই- পুলসিটা-সাগরবাড়-খন্যাডিহি গ্রাম পঞ্চায়েত এলাকার প্রায় পঞ্চাশটিরও বেশি গ্রামে চলতি মরশুমের আমন চাষ হয়নি। এই পরিপ্রেক্ষিতে বর্ষার পরপরই দেহাটি খাল পূর্ণ সংস্কার, অতি সত্বর দেনান-দেহাটি জলনিকাশী প্রকল্পের পূর্ণাঙ্গ রূপায়ন সহ কৃষকদের বিভিন্ন দাবীতে এলাকার কৃষকদের অরাজনৈতিক সংগঠন কৃষক সংগ্রাম পরিষদের উদ্যোগে আজ উত্তর জিঞ্জাদা হাইস্কুলে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন পরিষদের সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক। সভাপতিত্ব করেন পরিষদের সভাপতি গোপাল চন্দ্র সামন্ত। সভা থেকে আগামী সেপ্টেম্বর মাসে সেচ দপ্তরের এসডিও এবং ব্লকের বিডিও’র নিকট বিক্ষোভ ডেপুটেশনের কর্মসূচি সর্বসম্মতিক্রমে নেওয়া হয়।

OFFICE OF THE PURBASTHALI-I PANCHYAT SAMITY
SRIRAMPUR, PURBA BARDHAMAN

NOTICE INVITING e-TENDER

1. e-Tender Reference No- P-I/59/1252/EO/15th F.C/2026-27, Dated-07/08/2026

Tender ID: 2026_ZPHD_1036878_1 has been floated Construction of Cover Drain from Krishna Sarkar house towards Bijay Talukdar Godown Sonarudra village in Dogachia GP under Purbasthali-I Panchyat Samity, **fund 15th FC 2025-26, AC-117788817.** Look for detail you may visit **www.wbtenders.gov.in** and office notice board.

Sd/- **Executive Officer**
Purbasthali-I Panchyat Samity Srirampur, Purba Bardhaman.

SARVOTTAM FINVEST LIMITED
CIN: L65993WB1978PLC031793
Regd. Off.: 3, Bentinck Street (2nd Floor), Kolkata - 700 001,
Ph No:(033) 2210 0875
e-mail:sarvottamfinvest@gmail.com,Website:www.sarvottamfinvest.in

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Year Ended
		30-June 2026	31-March 2026	30-June 2025	31-March 2026
		Reviewed	Audited	Reviewed	Audited1
1	Total Income from Operations	66.55	15.99	40.26	137.34
2	Net Profit/ (Loss) for the period before Tax	11.89	(37.11)	12.69	(17.79)
3	Net Profit/ (Loss) for the period after tax	5.06	(24.30)	15.52	(18.73)
4	Total Comprehensive Income for the period [comprising profit /(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	5.06	(24.30)	15.52	(18.73)
5	Equity Share Capital	750.00	750.00	750.00	750.00
6	Other Equity	-	-	-	1701.96
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each)(for continuing and discontinuing operations) a.Basic(Rs.) b.Diluted(Rs.)	0.07 0.07	(0.32) (0.32)	0.21 0.21	(0.25) (0.25)

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI(Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.bse-india.com and on the Company's website at www.sarvottamfinvest.in

Place : Kolkata
Date: August 08, 2026

For **Sarvottam Finvest Limited**
Dilip Kumar Gupta
Managing Director
(DIN:01168576)

TRIBUTE TRADING AND FINANCE LIMITED
CIN: L35991WB1986PLC139129
Regd. Office: : 3, Bentinck Street (2nd Floor), Kolkata - 700 001,
Ph No:(033) 2210 0875
e-mail: ttfltd@gmail.com, Website: www.ttfltd.co.in

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Year Ended
		30-June 2026	31-March 2026	30-June 2025	31-March 2026
		Reviewed	Audited	Reviewed	Audited
1	Total Income from Operations	84.31	32.64	84.38	132.19
2	Net Profit/ (Loss) for the period before Tax	41.41	16.02	24.04	30.98
3	Net Profit/ (Loss) for the period after tax	35.58	32.81	25.97	27.52
4	Total Comprehensive Income for the period [comprising profit/(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	35.58	32.81	25.97	27.52
5	Equity Share Capital	1200.00	1200.00	1200.00	1200.00
6	Other Equity	-	-	-	1778.34
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each)(for continuing and discontinuing operations) a.Basic(Rs.) b.Diluted(Rs.)	0.30 0.30	0.27 0.27	0.22 0.22	0.23 0.23

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI(Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.cse-india.com and on the Company's website at www.ttfltd.co.in

Place : Kolkata
Date: August 08, 2026

For **Tribute Trading and Finance Limited**
Sangeeta Sethia
Managing Director
(DIN: 00585682)

উত্তর-পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার বিজ্ঞপ্তি

উত্তর-পূর্ব রেলওয়ের গোরক্ষপুরস্থ মেকানিক্যাল ওয়ার্কশপের চিফ ওয়ার্কশপ ম্যানেজারের পক্ষে [illegible] ডেপুটি সিএমই/ রিপেয়ার (Dy. CMERepair) নিম্নলিখিত কাজের জন্য অনলাইন ই-ওপেন টেন্ডারের মাধ্যমে দরপত্র আহ্বান করছেন:-

ক্রমিক নং-১, ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং ও কাজের নাম: টেন্ডার নং ২০-GKP-MWS-২০২৬-২৭ - গোরক্ষপুর মেকানিক্যাল ওয়ার্কশপে LHB হুইল সেটের [illegible] পরিষ্কার করা এবং LHB/ICF/MEMU/NMG/NMGH/NMGHS হুইল সেটের এক্সেল (Axle) পরিষ্কার করার কাজ। আনুমানিক মূল্য (টাকায়): ২৮,৬২,৬৮৭.৫২ টাকা জামানতের অর্থ বা আর্নেস্ট মানি (টাকায়): ৫৭,৩০০- টাকা টেন্ডার ফর্মের মূল্য: শূন্য। টেন্ডার জমা দেওয়ার শেষ সময় ও তারিখ: ৩১-০৮-২০২৬ তারিখ, সকাল ১১.০০টা পর্যন্ত চুক্তির মেয়াদ: ১২ মাস।

.উপরোক্ত দরপত্রগুলির বিস্তারিত বিবরণ ভারতীয় রেলের ওয়েবসাইট http://www.ireps.gov.in-এ-ও পাওয়া যাবে।

ডেপুটি সিএমই/ রেপেয়ার, মেক। কর্মশালা, [illegible] গোরক্ষপুর

কখনও ট্রেনের ছাদে বা ফুটবোর্ডে ভ্রমণ করবেন না।

বিজ্ঞপ্তি

জেলাঃ হাওড়া, থানাঃ সাঁকড়াইল, মৌজাঃ ধূলোগড়ী, জে. এল নংঃ ০১, দাগ নং (আর.এস.)ঃ ৩৩৪৭, দাগ নং (এল.আর.)ঃ ২৭৯০, খতিয়ান নং (এল.আর.)ঃ ১০৩৮, ১৬৩৯, ৩৩১৩, ৩৩৭৭ ও ৪৩৪৩, পরিমাপঃ ১৬ শতক জমি।

সাঁকরাইল থানার অধীন ধুলাগড়ী নিবাসী কুতুবদ্দিন লস্কর, গিয়াসউদ্দিন লস্কর ও নাজিমউদ্দিন লস্কর সকলের পিতা মৃত হাসেম আলি লস্কর, গত ১৪.১২.২০২১ তারিখে এ.ডি.এস.আর.- রানীহাটি অফিসে রেজিষ্ট্রিকৃত ৪৮০৪ নং আমমোক্তারনামা দলিল দ্বারা সাঁকরাইল থানার অধীন ধুলাগড়ী- নিবাসী আউয়াল মুন্সী পিতা মোকলেস মুন্সী, মহাশয়া কে আমমোক্তার নিযুক্ত করেছেন। ইহাতে কারো কোন আপত্তি থাকলে ১ মাসের মধ্যে সাঁকরাইল বি.এল. অ্যান্ড এল.আরও অফিসে যোগাযোগ করুন।

বিজ্ঞপ্তি

জেলাঃ হাওড়া, থানাঃ সাঁকড়াইল, মৌজাঃ ধূলোগড়ী, জে. এল নংঃ ০১, দাগ নং (আর.এস.)ঃ ৩৩৪৭, দাগ নং (এল.আর.)ঃ ২৭৯২, খতিয়ান নং (এল.আর.)ঃ ৬৭০, ২৯৮৮, ৪৭৩০, ৪৭৩১ ও ১৯৮৯, পরিমাপঃ ১৬.৫০ শতক জমি।

সাঁকরাইল থানার অধীন ধুলাগড়ী নিবাসী সাইদুল মিদ্দে পিতা - মৃত আব্দুল খালেক মিদ্দে ও সাফিকা মির্দ্দে স্বামী- সাইদুল মির্দ্দে, গত ১৪.০৩.২০১৬ তারিখে এ.ডি.এস.আর- রানীহাটি অফিসে রেজিষ্ট্রিকৃত ১২২ নং আমমোক্তারনামা দলিল দ্বারা সাঁকরাইল থানার অধীন ধুলাগড়ী নিবাসী সিরাজ মির্দ্দে পিতা মৃত লাল চাঁদ মির্দ্দে, মহাশয়া কে আমমোক্তার নিযুক্ত করেছেন। ইহাতে কারো কোন আপত্তি থাকলে ১ মাসের মধ্যে সাঁকরাইল বি.এল. অ্যান্ড এল.আরও অফিসে যোগাযোগ করুন।

বিজ্ঞপ্তি

জেলাঃ হাওড়া, থানাঃ সাঁকড়াইল, মৌজাঃ ধূলোগড়ী, জে. এল নংঃ ০১, দাগ নং (আর.এস.)ঃ ৩৩৪৭, দাগ নং (এল.আর.)ঃ ২৭৯২, খতিয়ান নং (এল.আর.)ঃ ২৯৮৮, পরিমাপঃ ৩.৩০ শতক জমি।

সাঁকড়াইল থানার অধীন ধূলোগড়ী নিবাসী আনারুল মন্ডল পিতা- রহমান মন্ডল, গত ১৩.১২.২০২১ তারিখে এ.ডি.এস.আর.- রানীহাটি অফিসে রেজিষ্ট্রিকৃত ৪৭৭৯ নং আমমোক্তারনামা দলিল দ্বারা সাঁকরাইল থানার অধীন ধুলাগড়ী - নিবাসী আজারুদ্দিন মুন্সী পিতা- আউয়াল মুন্সী, মহাশয়া কে আমমোক্তার নিযুক্ত করেছেন। ইহাতে কারো কোন আপত্তি থাকলে ১ মাসের মধ্যে সাঁকড়াইল বি.এল. অ্যান্ড এল.আরও অফিসে যোগাযোগ করুন।

RDB INFRASTRUCTURE AND POWER LTD
(Formerly Known as RDB Realty & Infrastructure Limited)
CIN : L68100WB2006PLC110039
Regd. Office: Bikaner Building, 8/1, Lal Bazar Street, 1st Floor, Room No- 10 Kolkata-700001,
Ph No.: +91 90384 70761; Fax: 033-22420588;
Email id: csrdbinfra@rdbindia.com,; Website: www.rdbindia.com

৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত প্রান্তিকের স্বতন্ত্র ও নিরীক্ষাবিহীন আর্থিক ফলাফলের সারাংশ

(টাকা লক্ষে)

	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্তি			বছর সমাপ্তি
		৩০শে জুন ২০২৬	৩১শে মার্চ ২০২৬	৩০শে জুন ২০২৫	৩১শে মার্চ ২০২৬
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
১.	অপারেশন থেকে মোট আয় (নিট)	৬৩০৪.০৭	২৭৩৪.৪৪	৬৯২৩.৬৯	১৪২৬০.১১
২.	করের আগে নিট মুনাফা এবং ব্যতিক্রমী আইটেম	৪৯৪.৫৭	৫০৯.২১	৩৭০.৬৮	১৬৯২.৩৭
৩.	করের আগে নিট মুনাফা এবং ব্যতিক্রমী আইটেমের পরে	৪৯৪.৫৭	৫০৯.২১	৩৭০.৬৮	১৬৯২.৩৭
৪.	করের পরে নিট মুনাফা এবং ব্যতিক্রমী আইটেমের পরে	৪৪৩.৬৯	৪৩২.৮৩	২৭২.২৫	১২৫২.৪৪
৫.	এই সময়ের জন্য মোট সামগ্রিক আয় (কর-পরবর্তী নিট মুনাফা এবং কর-পরবর্তী অন্যান্য সামগ্রিক আয় নিয়ে গঠিত)	৪৪৩.৬৯	৪৪৫.৩৯	২৭২.২৫	১২৬৫.০০
৬.	পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধন (প্রতি শেয়ারের অভিহিত মূল্য ১ টাকা)	২২৩৬.৫৯	২১০০.০৯	১৯৮১.৩৪	২,১০০.০৯
৭.	অন্যান্য ইক্যুইটি	০	০	০	১২৭৬১.২২
৮.	শেয়ার প্রতি আয়ঃ মৌলিকঃ মিশ্রঃ	০.২১ ০.২১	০.২২ ০.২২	০.১৪ ০.১৪	০.৬৪ ০.৬৪

৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত প্রান্তিকের সমন্বিত ও নিরীক্ষাবিহীন আর্থিক ফলাফলের সারাংশ

(টাকা লক্ষে)

	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্তি			বছর সমাপ্তি
		৩০শে জুন ২০২৬	৩১শে মার্চ ২০২৬	৩০শে জুন ২০২৫	৩১শে মার্চ ২০২৬
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
১.	অপারেশন থেকে মোট আয় (নিট)	৬৩০৪.০৭	২৭৩৪.৫১	০	১৪২৬০.১১১
২.	করের আগে নিট মুনাফা এবং ব্যতিক্রমী আইটেম	৪৯৪.৩৬	৫৯০.২১	০	১৬৮৬.০২
৩.	করের আগে নিট মুনাফা এবং ব্যতিক্রমী আইটেমের পরে	৪৯৪.৩৬	৫৯০.২১	০	১৬৮৬.০২
৪.	করের পরে নিট মুনাফা এবং ব্যতিক্রমী আইটেমের পরে	৪৪৩.৩২	৪৩২.৮৬	০	১২৪৬.০২
৫.	এই সময়ের জন্য মোট সামগ্রিক আয় (কর-পরবর্তী নিট মুনাফা এবং কর-পরবর্তী অন্যান্য সামগ্রিক আয় নিয়ে গঠিত)	৪৪৩.৩২	৪৪৫.৪২	০	১২৫৮.৫৮
৬.	পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধন (প্রতি শেয়ারের অভিহিত মূল্য ১ টাকা)	২২৩৬.৫৯	২১০০.০৯	০	২১০০.০৯
৭.	অন্যান্য ইক্যুইটি	০	০	০	১২৭৬১.২২
৮.	শেয়ার প্রতি আয়ঃ মৌলিকঃ মিশ্রঃ	০.২১ ০.২১	০.২৩ ০.২৩	০ ০	০.৬৩ ০.৬৩

মন্তব্যঃ
উপরিউক্ত তথ্যটি এসইবিআই (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ এবং অন্যান্য প্রাসঙ্গিক বিধানের অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড) বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ। ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিবরণ স্টক এক্সচেঞ্জ(গুলি)-এর ওয়েবসাইট এবং কোম্পানির ওয়েবসাইটে (www.rdbindia.com) পাওয়া যাবে। এছাড়া কিউআর কোড স্ক্যান করেও এটি দেখা যাবে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ৮ই আগস্ট, ২০২৬

বোর্ডের জন্য এবং পক্ষে
স্বা/- **শুভম বৈদ্য**
ম্যানেজিং ডিরেক্টর

বিজ্ঞপ্তি

আমি সবিতা রাজেশ দাস স্বামী - রাজেশ দাস নিবাস-ডোমজুড় হাওড়া-711405, I-050404825/25 (ADSR ডোমজুড় অফিসে রেজিস্ট্রিকৃত) নং দলিল মূলে ১. বিন্দু সুবোধ ধাড়া ও ২. রাজেশ ফটিক দাস ইহাদের পক্ষে নিযুক্ত আমমোক্তার (পাওয়ার নং-MBI13-17637-2025 সাব রেজিস্ট্রার মুম্বাই 13 নং অফিসে রেজিস্ট্রিকৃত) জলধর দাস পিতা-স্বর্গীয় ফটিক চন্দ্র দাস এর নিকট হইতে ডোমজুড় মৌজায় এল আর 3833/3 নং খতিয়ানে আর এস 7254 নং দাগ হইতে আগত এল আর 6748 নং দাগে বাগান 1.59 শতক সম্পত্তি ভোগদখল করিতেছি, উক্ত সম্পত্তির নামে পত্তনের জন্য বি এল এবং এল আর ও ডোমজুড় অফিসে আবেদন করিয়াছি তাহা সকলকে অবগত করিলাম।

বিজ্ঞপ্তি

আমি সন্দীপ ঠাকুর চক্রবর্তী পিতা-শ্রী দুখহরন ঠাকুর চক্রবর্তী নিবাস-ডোমজুড়, হাওড়া-711405, I-050404826/2025 (ADSR ডোমজুড় অফিসে রেজিস্ট্রিকৃত) নং দলিল মূলে ১. বিন্দু সুবোধ ধাড়া ও ২. রাজেশ ফটিক দাস ইহাদের পক্ষে নিযুক্ত আমমোক্তার (পাওয়ার নং-MBI13-17637-2025 সাব রেজিস্ট্রার মুম্বাই 13 নং অফিসে রেজিস্ট্রিকৃত) জলধর দাস পিতা-স্বর্গীয় ফটিক চন্দ্র দাস এর নিকট হইতে রাঘবপুর মৌজায় এল আর 688 নং খতিয়ানভুক্ত আর এস ও এল আর 178 নং দাগে 5.57 শতক ডাঙ্গা জমি ভোগ দখল করিতেছি, উক্ত সম্পত্তির নাম পত্তনের জন্য বি এল এবং এল আর ও ডোমজুড় অফিসে আবেদন করিয়াছি, তাহা সকলকে অবগত করিলাম।

বিজ্ঞপ্তি

আমি শ্রী রিত রাজ দেব, পিতা-শ্রী প্রবীর কুমার দেব মহাশয় গত ইং-28/11/2022 তারিখে হাওড়া A.D.S.R অফিসে রেজিস্ট্রিকৃত বুক নং-1, ভলুম নং-0502-2022, পাতা নং-465536 to 465552 বিয়িং নং-050213194 নং আমোক্তার নামা দলিল দ্বারা 1) শ্রী বাবলু থাপা, 2) তারক থাপা, উভয়ের পিতা- শ্রী পূর্ণ থাপা মহাশয় নিকট হইতে আমমোক্তার গ্রহণ করেন। মৌজা- চকপাড়া, জে.এল.নং-১১১, হাল দাগ-১৬৯৯, হাল খতিয়ান নং-৩৯২৫ মোট ৪ কাঠা শালি জমি বিক্রয় করিবার জন্য ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে দাতাগনের কারো কোনো আপত্তি থাকলে তিনি ৩০ দিনের মধ্যে বালি জগাছা বি.এল.এন্ড. এল.আর.ও অফিসে যোগাযোগ করিবেন।

বিজ্ঞপ্তি

আমি শ্রী পরিমল দাস, পিতা-"স্বরিপদ দাস, সাং- আনন্দনগর সুকান্ত পল্লী, পোস্ট- ভট্টনগর, থানা- লিলুয়া, জেলা হাওড়া-৭১১২০৩, অদ্য ইংরেজি-২৮/৮/২০২৩ হাওড়া ডি.এস.আর-১ রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত দলিল নং-০৫০১০৮২৪০ বুক নং-১,ভলুম নং-০৫০১-২০২৩, পাতা নং-১২৬১৪০ হইতে ১২৬১৫২ আমোক্তারনামা দলিল দ্বারা শ্রী রাজ কুমার গুপ্তা, পিতা-"নন্দ কিশোর প্রসাদ মহাশয় নিকট হইতে আমোক্তার গ্রহণ করেন। মৌজা-চকপাড়া, জে. এল.নং-১১১, হাল দাগ নং ১৫৬১, হাল খতিয়ান নং-১৪৪০৭, মোট জমি ২ কাঠা- ০.০৩৩০ একর শালি জমি বিক্রয় করিবার জন্য ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে দাতার কোন আপত্তি থাকলে ৩০ দিনের মধ্যে তিনি বালি জগাছা বি.এল.এন্ড এল.আর.ও অফিসে যোগাযোগ করিবেন।

বিজ্ঞপ্তি

আমি শ্রীমতি কবিতা হালদার, স্বামী-মনোজ কুমার হালদার, সাং- ২৩/২৬ গোলাবাড়ি, পোস্ট- ভট্টনগর, থানা-লিলুয়া, জেলা-হাওড়া-৭১১২০৩ অদ্য ইংরেজি ২৩/১১/২০২২ হাওড়া এ.ডি.এস. আর. রেজিস্ট্রি অফিসের রেজিস্ট্রিকৃত দলিল নং- ০৫০২১- ২৯৯২, বুক নং-১,ভলুম নং-০৫০২- ২০২২, পাতা নং-৪৬০১৬৬ হইতে ৪৬০১৮২ এবং আরো একটি দলিল নং-০৫০২১২৯৯৩, বুক নং-১, ভলুম নং-০৫০২-২০২২, পাতা নং- ৪৬০১৮৩ হইতে ৪৬০২০০ আমোক্তার দলিল দ্বারা শ্রী সমীর কৃষ্ণ সরকার, পিতা ১) "পরিমল চন্দ্র সরকার ২) তপন দাস, পিতা-"সুধীর দাস, ৩) রবি দাস, পিতা-"মধুসূদন দাস মহাশয় এর নিকট হইতে আমোক্তার গ্রহণ করেন। মৌজা- চকপাড়া, জে.এল.নং- ১১১হাল দাগ নং- ১৯০৪, হাল খতিয়ান নং-৮৫৭৮, ৮৫৭৯, ৮৫৮০ প্রথম আমোক্তার ৩কাঠা ২ ছটাক ১২ বর্গফুট= ০.০৫১৯ একর শালি জমি ও দ্বিতীয় আমোক্তার ৭কাঠা ৩ বর্গফুট-০.১১৫৭একর শালি জমি বিক্রয় করিবার জন্য ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। উক্ত বিষয়ে দাতার কোন আপত্তি থাকলে ৩০ দিনের মধ্যে তিনি বালি জগাছা বি.এল এন্ড.এল.আর.ও অফিসে যোগাযোগ করিবেন।

লামডিং ডিভিশনে এএমসি কাজ

টেন্ডার বিজ্ঞপ্তি নং : এসআর.ডিইই/এলএমজি/ ০৩ অফ ২০২৬-২৭; তারিখ: ০৬-০৮-২০২৬; নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; টেন্ডার নং : ইএল/এলএম/২৬-২৭/ওপি/০৩; কাজের নাম : লামডিং ডিভিশনে ১০১৬ পিস (৫ বছর) [illegible] ব্রেথ অ্যানালাইজার (বিএ) মেশিন এবং লবি ক্রু ম্যানেজমেন্ট সিস্টেম (সিএমএস) কিওস্কের ক্যালিব্রেশন ও রক্ষণাবেক্ষণের বার্ষিক চুক্তি (এএমসি)। টেন্ডার মূল্য : ২৩,৬১,৪১০.৪০/- টাকা; বায়না মূল্য : ৪৭,২০০/- টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ৩১-০৮-২০২৬ তারিখ ১১:০০ টায় এবং খোলার সময় ১১:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ৩১-০৮-২০২৬ তারিখ ১১:০০ টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

সিনিয়র ডিইই (ওপি), লামডিং
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
[illegible]

বাজাজ ফাইন্যান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিসঃ বাজাজ ফাইন্যান্স লিমিটেড, প্রযত্নে, বাজাজ অটো লিমিটেড কমপ্লেক্স, মুম্বই পুনে রোড, আকুরদি, পুণে ৪১১০৩৫
ব্রাঞ্চ অফিসঃ বাজাজ ফাইন্যান্স লিমিটেড, ১ম তল, সাহা কমপ্লেক্স, ফালাকাটা মেইন রোড, ধূপগুড়ি ৭৩৫২১০, পশ্চিমবঙ্গ

দাবি নোটিশ

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারার অধীনে।

বাজাজ ফাইন্যান্স লিমিটেড-এর অনুমোদিত কর্মকর্তা হিসেবে নিম্নস্বাক্ষরকারী এতদ্দ্বারা সেইসব ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাদের এই নোটিশ প্রদান করছেন, যারা বাজাজ ফাইন্যান্স লিমিটেড থেকে গৃহীত গৃহঋণ বা সম্পত্তির বিপরীতে নেওয়া ঋণের ক্ষেত্রে তাদের দায়বদ্ধতা পূরণে ব্যর্থ হয়েছেন-অর্থা আসল অর্থ, সুদ এবং তৎসহ উদ্ভূত অন্যান্য চার্জ পরিশোধে খেলাপি হয়েছেন-এবং যার ফলে উক্ত ঋণগুলো নন-পারফর্মিং অ্যাসেট-এ পরিণত হয়েছে। তদনুসারে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সংশ্লিষ্ট বিধিমালার অধীনে তাদের সর্বশেষ জানা ঠিকানায় নোটিশ পাঠানো হয়েছিল কিন্তু সেগুলো বিতরণ করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, এই বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাদের জানানো হচ্ছে যে, তারা যেন বিভিন্ন সময়ে গৃহীত ঋণ সুবিধার আওতায় তাদের বকেয়া পাওনা অর্থ পরিশোধ করেন।

ঋণ হিসাব নং / ঋণগ্রহীতা(গণ)-এর নাম / সহ-ঋণগ্রহীতা(গণ)-এর নাম / জামিনদার(গণ)-এর নাম ও ঠিকানা	যে স্থাবর সম্পত্তি / সম্পদের ওপর জামানত বা বন্ধক কার্যকর করা হবে, তার ঠিকানা	দাবি নোটিশের তারিখ ও টাকার পরিমাণ
P05RPBL4389521 **১. হিউম্যান হেয়ার প্রসেসিং টিএইআর.-এর প্রোপ সেক হাসিবুর** **রেজিস্টার্ড অফিসঃ** পশ্চিম সার্বেরিয়া ভগবানপুর, নারায়নদারি, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ ৭২১৬৫৫ **যোগাযোগঃ** ৬২৯৬৮৩৮১০৪ **ইমেল আইডিঃ** mr.jamal@gmail.com“ **এছাড়াও** রেজিস্টার্ড অফিসঃ গ্রাম + মৌজা - কদম্বগাছি, জেএল নং ১৪৩, প্লট নং ১৩, খতিয়ান নং ৪১০৩ কদম্বগাছি গ্রাম পঞ্চায়েতের অধীনে, পোস্ট-কদম্বগাছি, থানা- বারাসত, জেলা- উত্তর ২৪ পরগণা, ৭৪৩২৯৪ **২. সেক হাসিবুর জামাল পিতা সেখ সাইজুদ্দিন** **রেজিস্টার্ড অফিসঃ** সর বেরিয়া, নারায়ণদারী, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ ৭২১৬৫৫ **যোগাযোগঃ** ৬২৯৬৮৩৮১০৪ **ইমেল আইডিঃ** mr.jamal@gmail.com **৩. মনিরুল সেখ মাতা সানোয়ারা বিবি** **রেজিস্টার্ড অফিসঃ** সর্বেরিয়া, নারায়ণদারী, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ ৭২১৬৫৫ **যোগাযোগঃ** ৮৩৩৭০১৭৯২৯ **ইমেল আইডিঃ** mr.jamal@gmail.com	গ্রাম ও মৌজা - কদম্বগাছি (জে.এল. নং ১৪৩, প্লট নং ১৩, খতিয়ান নং ৪১০৩)-এর অন্তর্গত সমস্ত জমি ও অংশবিশেষ কদম্বগাছি গ্রাম পঞ্চায়েত এলাকাভুক্ত ডাকঘর - কদম্বগাছি, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা (পিনঃ ৭৪৩২৯৪) সাথে সাধারণ ব্যবহারের জায়গার আনুপাতিক অংশ (মোট আয়তন ৪.৪৫ ডেসিমেল) সীমানা - পূর্বঃ ১০ ফুট চওড়া রাস্তা পশ্চিমঃ সাব-প্লট নং ২২ উত্তরঃ ১৪ ফুট চওড়া রাস্তা দক্ষিণঃ সাব-প্লট নং ২৪।	২০.০৭.২০২৬ টাকা ২০১৪৮৬৯.৫/- (কুড়ি লক্ষ চোদ্দ হাজার আটশো উনসত্তর টাকা পাঁচ পয়সা মাত্র)
PV36PBL4381368 **১. মেসার্স মা কল্যাণেশ্বরী হার্ডওয়্যার টিএইচআর.-এর প্রোপ রঞ্জন বোস** **রেজিস্টার্ড অফিসঃ** ডাকবাংলো পাড়া, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ ৭৩৫২১০ **যোগাযোগঃ** ৯৭৭৫৪৪১৫০৭ ইমেল আইডিঃ ranjan7@gmail.com“ **এছাড়াও,** রেজিস্টার্ড অফিসঃ মৌজা- বৈরাতিগুড়ি, জেএল নম্বর- ৯৮, খতিয়ান নম্বর- ১৬৯৫ টাকা, এলআর- ৫০০২, প্লট নম্বর- ৯০৭ (আরএস), ১৩৫৫ (এলআর), থানা- ধূপগুড়ি, জেলা- জলপাইগুড়ি, ৭৩৫২১০ **২. রঞ্জন বোস পিতা রঞ্জিত কুমার বোস** **রেজিস্টার্ড অফিসঃ** ডাকবাংলো পাড়া, ধুপগুড়ি, ওয়ার্ড নং ১২, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ ৭৩৫২১০ **যোগাযোগঃ** ৯৭৭৫৪৪১৫০৭ **ইমেইল আইডিঃ** ranjan7@gmail.com“ **৩. শিপ্রা সরকার বোস স্বামী রঞ্জন বোস** **রেজিস্টার্ড অফিসঃ** ডাকবাংলো পাড়া, ধুপগুড়ি, ওয়ার্ড নং ১২ জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ ৭৩৫২১০ **যোগাযোগঃ** ৯৭৭৫৪৪১৫০৭ **ইমেল আইডিঃ** ranjan7@gmail.com“	মৌজা- বৈরাতিগুড়ি, জে.এল. নং- ৯৮, খতিয়ান নং- আর.এস. ১৬৯৫ ও এল.আর.- ৫০০২, দাগ নং- ৯০৭ (আর.এস.) ও ১৩৫৫ (এল.আর.), থানা- ধূপগুড়ি, জেলা- জলপাইগুড়ি (পিন- ৭৩৫২১০)-এর অন্তর্গত সম্পূর্ণ জমি ও তার ওপর নির্মিত অংশ এবং সাধারণ ব্যবহারের জায়গার আনুপাতিক অংশ (মোট আয়তন প্রায় ৮৭১ বর্গফুট)। **সীমানা বিবরণ- আইনি নথিপত্র অনুযায়ী-** পূর্বঃ তাপস বসু ও তুষারের জমি পশ্চিমঃ রাস্তা উত্তরঃ সুধীর সরকার ও তপন বসুর জমি দক্ষিণঃ স্বপন বসুর জমি। **সাইট প্ল্যান অনুযায়ী-** পূর্বঃ তাপস বসু ও তুষার বসুর জমি পশ্চিমঃ ৫ ফুট চওড়া রাস্তা উত্তরঃ তপন বসুর জমি দক্ষিণঃ স্বপন বসুর জমি। **সরেজমিন পরিদর্শন অনুযায়ী-** পূর্বঃ তাপস বসু ও তুষার বসুর জমি পশ্চিমঃ ৫ ফুট চওড়া রাস্তা উত্তরঃ তপন বসুর ভবনের সাথে সংলগ্ন দেওয়াল দক্ষিণঃ স্বপন বসুর ভবনের সাথে সংলগ্ন দেওয়াল।	২০.০৭.২০২৬ টাকা ২০০৭৯৮৩/- (কুড়ি লক্ষ সাত হাজার ন'শো তিরাশি টাকা মাত্র)

নোটিশের বিকল্প জারির অংশ হিসেবে এই পদক্ষেপটি নেওয়া হচ্ছে। উপরে উল্লিখিত ঋণগ্রহীতা এবং/অথবা সহ-ঋণগ্রহীতা ও জামিনদারদের পরামর্শ দেওয়া হচ্ছে যে, এই নোটিশ প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বকেয়া অর্থ এবং তার সাথে প্রযোজ্য ভবিষ্যৎ সুদ পরিশোধ করুন। অন্যথায় (বাজাজ ফাইন্যান্স লিমিটেডের হাতে থাকা অন্য কোনো আইনি অধিকার বা প্রতিকারের বিষয়টি ক্ষুণ্ণ না করেই), সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(৪) ধারার বিধান অনুযায়ী জামানতকৃত সম্পদ বা বন্ধকী সম্পত্তির দখল গ্রহণের পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। এছাড়া, উপরে উল্লিখিত পক্ষদের পরামর্শ দেওয়া হচ্ছে যে, তারা যেন এমন কোনো কাজ না করেন যার ফলে উল্লিখিত সম্পত্তি হস্তান্তর হয় বা তাতে কোনো তৃতীয় পক্ষের স্বার্থ বা অধিকার তৈরি হয়-যে সম্পত্তিগুলোর ওপর বাজাজ ফাইন্যান্স লিমিটেডের চার্জ বা আইনানুগ অধিকার বিদ্যমান রয়েছে।

স্থানঃ পশ্চিমবঙ্গ / তারিখঃ ০৭.০৫.২০২৬ **স্বা/- অনুমোদিত অফিসার, বাজার ফাইন্যান্স লিমিটেড**